**বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর**

৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০।

**১০ম জাতীয় স্কাউট জাম্বুরী**

২৩-২৯ জানুয়ারি ২০১৯; জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর

# পরিপত্র - ১

বাংলাদেশ স্কাউটস এর উদ্যোগে আগামী ২৩-২৯ জানুয়ারি ২০১৯ পর্যন্ত জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে ১০ম জাতীয় স্কাউট জাম্বুরী আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ স্কাউটস এর নির্বাহী কমিটি "১০ম জাতীয় স্কাউট জাম্বুরী" বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় কমিশনার (সংগঠন) ও চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পর্যটন কর্পোরেশন জনাব আখতারুজ জামান খান কবিরকে সভাপতি করে ইতোমধ্যে একটি শক্তিশালী জাম্বুরী সাংগঠনিক কমিটি গঠন করেছে।

২। সাংগঠনিক কমিটি ইতোমধ্যে দুইটি সভা আয়োজনের মাধ্যমে সুষ্ঠু, সুন্দর ও সফলভাবে "১০ম জাতীয় স্কাউট জাম্বুরী" আয়োজনের জন্য ১৪টি উপ-কমিটি গঠন, জাম্বুরী থীম এবং অংশগ্রহণকারী ইউনিটের সংখ্যা চূড়ান্ত করেছে। বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতরে জাম্বুরী সচিবালয় স্থাপন করে "১০ম জাতীয় স্কাউট জাম্বুরী" বাস্তবায়ন কার্যক্রম এগিয়ে যাচ্ছে।

৩। ১০ম জাতীয় স্কাউট জাম্বুরীতে অংশগ্রহণকারী সকল স্কাউট সক্রিয় অংশগ্রহণ করে আগামী দিনের চ্যালেঞ্জ মোকাবেলায় নিজেদের শারীরিক ও মানসিক উৎকর্ষ সাধনে সক্ষম হবে। আসন্ন ১০ম জাতীয় স্কাউট জাম্বুরীতে আকর্ষণীয়, আনন্দদায়ক ও শিক্ষামূলক নানারকম কার্যক্রম/চ্যালেঞ্জের সম্মিলনের মাধ্যমে সকলের নিকট এই জাম্বুরী স্মরণীয় হয়ে থাকবে। এই লক্ষ্যে আকর্ষণীয় প্রোগ্রাম প্রণয়নের কার্যক্রম শুরু হয়েছে এবং শীঘ্রই পরিপত্র-২ এর মাধ্যমে বিস্তারিত জাম্বুরী প্রোগ্রাম সকলকে জানানো হবে। দশম জাতীয় স্কাউট জাম্বুরীতে অংশগ্রণের বিষয়ে রেজিস্ট্রেশনসহ অন্যান্য তথ্যাদি নিম্নে উল্লেখ করা হলো ঃ

৪। **জাম্বুরী থীম ঃ** "যোগ্য নেতৃত্ব উন্নত দেশ"।

৫। **জাম্বুরীর তারিখ ঃ** ২৩-২৯ জানুয়ারি ২০১৯

৬। **জাম্বুরীর ভেন্যু ঃ** জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর

৭। **অংশগ্রহণারীদের যোগ্যতা ঃ** ১০ম জাতীয় স্কাউট জাম্বুরীর অংশগ্রহণকারীদের যোগ্যতা নিম্নরূপ ঃ

ক) বাংলাদেশ স্কাউটস এর প্রোগ্রাম বিভাগের চতুর্বার্ষিক পরিকল্পনার আলোকে উপজেলা, জেলা ও আঞ্চলিক সমাবেশে অংশগ্রহণকারী ইউনিট ১০ম জাতীয় স্কাউট জাম্বুরীতে অংশগ্রহণের সুযোগ পাবে। নির্ধারিত কোটা অনুযায়ী আঞ্চলিক সমাবেশে অংশগ্রহণকারী ইউনিট ব্যতীত অন্য কোন ইউনিটকে জাম্বুরীতে অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না। উল্লেখ্য, যে সকল অঞ্চল আঞ্চলিক সমাবেশ আয়োজন করতে পারেনি তাদেরকে আগামী ৩১ অক্টোবরের মধ্যে আঞ্চলিক সমাবেশ আয়োজনপূর্বক জাতীয় জাম্বুরীতে অংশগ্রহণের অনুরোধ করা হলো।

খ) ১০ম জাতীয় স্কাউট জাম্বুরীতে যোগ্যতা সম্পন্ন স্কাউটদের অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে প্রাপ্ত তথ্যের আলোকে অংশগ্রহণকারীদের যোগ্যতা যাচাই-বাছাই করা হবে। এ জন্য জাম্বুরী রেজিস্ট্রেশন ফরমের সাথে অংশগ্রহণকারীদের "মাই প্রোগ্রেস বই" এর ফটোকপি প্রদান করতে হবে।

গ) কমপক্ষে স্টান্ডার্ড ব্যাজ অর্জনকারী স্কাউট জাম্বুরীতে অংশগ্রহণের সুযোগ পাবে। প্রত্যেক স্কাউটকে শারীরিকভাবে সুস্থ ও সংক্রামণ রোগমুক্ত হতে হবে এবং সাঁতার জানতে হবে। অসুস্থ কোন স্কাউট যাতে নির্বাচিত না হয় সেদিকে বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে। ঠান্ডা ও রোদে পরিশ্রম করতে সক্ষম এমন স্কাউট নির্বাচন করার জন্য ইউনিটসমূহকে অনুরোধ জানানো হলো। অংশগ্রহণকারী স্কাউটদের মধ্যে যদি এ্যাজমা/লো-প্রেসার এর লক্ষণ থাকে তাহলে তাকে মনোনয়ন না দেয়ার জন্য পরামর্শ প্রদান করা যাচ্ছে।

৮। অংশগ্রহণকারীদের কোটা ঃ ১০ম জাতীয় স্কাউট জাম্বুরীতে অংশগ্রহণের লক্ষ্যে সাংগঠনিক কমিটির দ্বিতীয় সভায় অঞ্চলওয়ারী কোটা নির্ধারণ করা হয়েছে (অঞ্চল অনুযায়ী বন্টনকৃত কোটার অন্তত পক্ষে ৩০% মহিলা ইউনিট হতে হবে) ঃ

| ক্রম | অঞ্চলের নাম | স্কাউট ইউনিট (৮+১) | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|
| ১. | ঢাকা অঞ্চল | ২৭০ | ২,৪৩০ |
| ২. | রাজশাহী অঞ্চল | ৯৭ | ৮৭৩ |
| ৩. | চট্টগ্রাম অঞ্চল | ৭৫ | ৬৭৫ |
| ৪. | খুলনা অঞ্চল | ১১৮ | ১,০৬২ |
| ৫. | সিলেট অঞ্চল | ৭০ | ৬৩০ |
| ৬. | বরিশাল অঞ্চল | ৪৫ | ৪০৫ |
| ৭. | দিনাজপুর অঞ্চল | ৪৮ | ৪৩২ |
| ৮. | কুমিল্লা অঞ্চল | ৮৭ | ৭৮৩ |
| ৯. | ময়মনসিংহ অঞ্চল | ৩৫ | ৩১৫ |
| ১০. | রেলওয়ে অঞ্চল | ২০ | ১৮০ |
| ১১. | নৌ অঞ্চল | ১৫ | ১৩৫ |
| ১২. | এয়ার অঞ্চল | ৯ | ৮১ |
| | মোট= | ৮৮৯ | ৮,০০১ |

৯। **ইউনিট সংখ্যা** ঃ আটজন স্কাউট ও একজন স্কাউট লিডারের সমন্বয়ে একটি ইউনিট বা দল গঠিত হবে। প্রশিক্ষণপ্রাপ্ত স্কাউট লিডার ব্যতীত কোন ইউনিটকে জাম্বুরীতে অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে না। মেয়ে (গার্ল-ইন স্কাউট) ইউনিটের সাথে অবশ্যই প্রশিক্ষণপ্রাপ্ত মহিলা স্কাউট লিডার থাকতে হবে।

১০। **কন্টিনজেন্ট লিডার** ঃ জাম্বুরীতে অংশগ্রহণকারী স্ব স্ব জেলার ইউনিটের সাথে (প্রশাসনিক জেলা এবং মেট্রোপলিটন জেলা) একজন করে জেলাভিত্তিক কন্টিনজেন্ট লিডারকে ১০ম জাতীয় স্কাউট জাম্বুরীতে অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে। এছাড়া রেলওয়ে, নৌ ও এয়ার অঞ্চল থেকে একজন করে কন্টিনজেন্ট লিডারকে ইউনিটের সাথে অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। কন্টিনজেন্ট লিডারগণকে জাম্বুরীর নির্ধারিত রেজিস্ট্রেশন ফরম (সংযোজনী "ঘ") পূরণ করে নির্ধারিত ফি পরিশোধ করে যথানিয়মে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

১১। **রেজিস্ট্রেশন** ঃ দশম জাতীয় স্কাউট জাম্বুরীতে অংশগ্রহণের লক্ষ্যে নিম্নবর্ণিত হারে রেজিস্ট্রেশন ফি পরিশোধ করতে হবে ঃ

| ক্রমিক | অংশগ্রহণকারী | রেজিস্ট্রেশন ফি (টাকায়) |
|---|---|---|
| ১. | স্কাউট ইউনিট প্রতি রেজিস্ট্রেশন ফি (৮+১) | ১,০০০/- |
| ২. | রোভার স্বেচ্ছাসেবক | ৩০০/- |
| ৩. | কর্মকর্তা/জাম্বুরী অফিসিয়াল | ৫০০/- |
| ৪. | টপ এচিভারস গ্যাদারিং (জনপ্রতি) | ২০০/- |
| ৫. | উডব্যাজারস গ্যাদারিং (জনপ্রতি) | ২০০/- |

স্কাউট ইউনিট, অংশগ্রহণকারী স্কাউট এবং ইউনিট লিডারদের অত্র পরিপত্রের সাথে সংযুক্ত রেজিস্ট্রেশন ফরম যথাযথভাবে (সংযোজনী ক, খ ও গ) পূরণ করে সংশ্লিষ্ট জেলা ও অঞ্চলের মাধ্যমে আগামী ৩১ অক্টোবর ২০১৮ তারিখের মধ্যে ১০ম জাতীয় স্কাউট জাম্বুরী সচিবালয়, জাতীয় সদর দফতর, ৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা - ১০০০ বরাবর প্রেরণ করতে হবে। তবে রেজিস্ট্রেশন ফরমের সাথে রেজিস্ট্রেশন ফি এর অর্থ ডিডি/পে অর্ডার হিসেবে **"১০ম জাতীয় স্কাউট জাম্বুরী - ২০১৮"** শিরোনামে পাঠাতে হবে।

১২। জাম্বুরীতে রোভার স্বেচ্ছাসেবক, কর্মকর্তা ও কন্টিনজেন্ট লিডার হিসেবে অংশগ্রহণের জন্য অত্রসাথে সংযুক্ত নির্ধারিত ফরম (সংযোজনী ঘ ও ঙ) যথাযথভাবে পূরণপূর্বক পরিপত্রে উল্লিখিত রেজিস্ট্রেশন ফি এর অর্থ ডিডি/পে অর্ডার হিসেবে **"১০ম জাতীয় স্কাউট জাম্বুরী - ২০১৮"** শিরোনামে আগামী ৩১ অক্টোবর ২০১৮ এর মধ্যে অঞ্চলের মাধ্যমে জাতীয় সদর দফতরে পাঠাতে হবে। সকল ফরম বাংলাদেশ স্কাউটস এর ওয়েবসাইট থেকে (**scouts.gov.bd**) ডাউনলোড করা যাবে।

১৩। **খাদ্য ব্যবস্থাপনা** ঃ ১০ম জাতীয় স্কাউট জাম্বুরীতে অংশগ্রহণকারী ইউনিটসমূহের স্কাউট এবং ইউনিট লিডারগণকে ইউনিটভিত্তিক নিজস্ব ব্যবস্থাপনায় রান্না করে খাবার গ্রহণ করতে হবে। ইউনিটভিত্তিক খাবার রান্নার জন্য সংশ্লিষ্ট ইউনিটকে ধোয়াবিহীন চুলা, প্রয়োজনীয় তৈজষপত্র, প্রত্যেকের ব্যক্তিগত থালা/বাসন, গ্লাস, জগ, মগ, ইত্যাদি সঙ্গে আনতে হবে। জাম্বুরী এলাকায় বাজার স্থাপন করে পর্যাপ্ত পরিমান প্রয়োজনীয় সকল সামগ্রী প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করতে "স্থানীয় ব্যবস্থাপনা উপ-কমিটি" কাজ করে যাচ্ছে।

১৪। **আবাসন ব্যবস্থা ঃ** অংশগ্রহণকারী সকল ইউনিটকে সাব ক্যাম্পভিত্তিক তাঁবুতে অবস্থান করতে হবে। ইউনিটের সাথে ইউনিট লিডারকে অবশ্যই তাঁবুতে থাকতে হবে। প্রত্যেক ইউনিটকে তাঁবু খাটানোর জন্য প্রয়োজনীয় পরিমান পেগ, খুঁটি, বাঁশ, দড়ি, হ্যামার কাঠের হাতুড়ী ইত্যাদি সাথে আনতে হবে। জাম্বুরীতে অংশ্রহণকারী ইউনিটসমূহকে তাঁবু বাসের উপযোগী গ্রাউন্ডশীট, হোগলা/চাটাই, আবহাওয়া উপযোগী বিছানাপত্র সঙ্গে আনার জন্য পরামর্শ দেয়া হলো। শীত মৌসুমে জাম্বুরী আয়োজনের ফলে শীত মোকাবেলায় প্রত্যেক ইউনিট এবং ইউনিটের সদস্যদের পর্যাপ্ত প্রস্তুতি নিয়ে আসতে হবে। এছাড়া ১০ম জাতীয় স্কাউট জাম্বুরীতে অংশগ্রহণ করার সুবিধার্থে ইউনিট ভিত্তিক গ্যাজেটের বাঁশ, বিভিন্ন ইভেন্ট উপযোগী পোশাক/কস্টিউম, সাজ-সজ্জার সামগ্রী, ইউনিট পতাকা, ব্যানার এবং সদস্যদের পূর্ণাঙ্গ স্কাউট পোশাকসহ প্রতিটি ইউনিটকে জাম্বুরী প্রাঙ্গণে উপস্থিত হতে হবে।

১৫। **নিরাপদ যাতায়াত ঃ** নিরাপদ যাতায়াত নিশ্চিত করার জন্য দিনের বেলায় বাস/ট্রেনে যাতায়াত করা শ্রেয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সাথে জেলা স্কাউটস কর্মকর্তাদের যৌথ বৈঠকে এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। ১০ম জাতীয় স্কাউট জাম্বুরী স্থলে রিপোর্টিং এবং ইভেন্ট শেষে নিজ নিজ এলাকায় সবাই যাতে নিরাপদে ফিরতে পারে সেটাই আমাদের একান্ত প্রত্যাশা। মহান সৃস্টিকর্তা আমাদের সহায় হউন।

১০ম জাতীয় স্কাউট জাম্বুরীর সুষ্ঠু বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

**স্বা/-**
(আখতারুজ জামান খান কবির)
সভাপতি
জাম্বুরী সাংগঠনিক কমিটি
ও
জাতীয় কমিশনার (সংগঠন), বাংলাদেশ স্কাউটস ও
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পর্যটন কর্পোরেশন

***বাঃ স্কাঃ (জাঃসচিঃ)/৪৩৫(২০২২)/২০১৮*** ***তারিখ ঃ ১৩ আগস্ট ২০১৮***

***সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ***

১। আঞ্চলিক সভাপতি, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
২। আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
৩। আঞ্চলিক উপ কমিশনার প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
৪। আঞ্চলিক সম্পাদক, বাংলাদেশ স্কাউটস ; সকল অঞ্চল
৫। আঞ্চলিক পরিচালক/উপ পরিচালক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
৬। সভাপতি, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা ;
৭। কমিশনার/ সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা ;
৮। সভাপতি, বাংলাদেশ স্কাউটস ; সকল উপজেলা ;
৯। কমিশনার/ সম্পাদক, বাংলাদেশ স্কাউটস ; সকল উপজেলা ;
১০। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস ;
১০। জেলা স্কাউট লিডার, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা।

***সদয় জ্ঞাতার্থে ঃ***

১। সভাপতি, বাংলাদেশ স্কাউটস ;
২। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস ;
৩। নির্বাহী কমিটির সদস্য (সকল), বাংলাদেশ স্কাউটস ;
৪। সভাপতি, জাতীয় কমিটি (সকল), বাংলাদেশ স্কাউটস ;
৫। জাতীয় উপ কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস ;

১৩।৮।১৮
(আরশাদুল মুকাদ্দিস)
সদস্য সচিব, জাম্বুরী সাংগঠনিক কমিটি
ও
নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ স্কাউটস

সংযোজনী -"ক"

# ১০ম জাতীয় স্কাউট জাম্বুরী

২৩-২৯ জানুয়ারি ২০১৯; জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর

## ইউনিট রেজিস্ট্রেশন ফরম

| | |
|---|---|
| ইউনিটের নাম ঃ | অঞ্চল ঃ |
| ঠিকানা ঃ | জেলা ঃ<br>উপজেলা ঃ |
| ইউনিট লিডারের নাম ঃ | মোবাইল নম্বর ও ই-মেইল আইডি ঃ |
| ইউনিট লিডারের স্কাউট যোগ্যতা ঃ | |

**অংশগ্রহণকারী স্কাউটদের বিবরণ ঃ**

| ক্রম | নাম | জন্ম তারিখ | শ্রেণী | দীক্ষা গ্রহণের তারিখ | বর্তমান স্কাউট স্তর |
|---|---|---|---|---|---|
| ১। | | | | | |
| ২। | | | | | |
| ৩। | | | | | |
| ৪। | | | | | |
| ৫। | | | | | |
| ৬। | | | | | |
| ৭। | | | | | |
| ৮। | | | | | |

*** রেজিস্ট্রেশন ফরমের সাথে আমার স্কাউট রেকর্ড বই সংযুক্ত করতে হবে । প্রতিটি ইউনিট ফটোকপি করে ৫ সেট রেজিস্ট্রেশন ফরম তৈরি করবে এবং ৪ সেট উপজেলায় পাঠাবে, উপজেলা ৩ সেট জেলায় পাঠাবে, জেলা ২ সেট অঞ্চলে পাঠাবে এবং অঞ্চল ১ সেট নির্ধারিত সময়ের মধ্যে জাতীয় সদও দফতরে জাম্বুরী সচিবালয়ে প্রেরণ করবে।

ইউনিট লিডারের স্বাক্ষর ও সীল    গ্রুপ সভাপতির স্বাক্ষর ও সীল    উপজেলা স্কাউট লিডারের স্বাক্ষর ও সীল    উপজেলা সম্পাদকের স্বাক্ষর ও সীল

জেলা স্কাউট লিডারের স্বাক্ষর ও সীল    জেলা সম্পাদকের স্বাক্ষর ও সীল    আঞ্চলিক সম্পাদকের স্বাক্ষর ও সীল    আঞ্চলিক কমিশনারের স্বাক্ষর ও সীল

সংযোজনী -"খ"

# ১০ম জাতীয় স্কাউট জাম্বুরী

২৩-২৯ জানুয়ারি ২০১৯; জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর

## স্কাউট রেজিস্ট্রেশন ফরম

| | | | | | |
|---|---|---|---|---|---|
| নাম (বাংলায়) | ঃ | | | | |
| নাম (ইংরেজিতে) | ঃ | | | | |
| পিতার নাম | ঃ | | | | |
| মাতার নাম | ঃ | | | | |
| জন্ম তারিখ | ঃ | | জেন্ডার | ঃ | |
| বর্তমান ঠিকানা | ঃ | | | | |
| স্থায়ী ঠিকানা | ঃ | | | | |
| ইউনিটের নাম | ঃ | | | | |
| উপজেলা স্কাউটস | ঃ | | জেলা স্কাউটস | ঃ | |
| আঞ্চলিক স্কাউটস | ঃ | | স্কাউট স্তর | ঃ | |
| মোবাইল নম্বর | ঃ | | ই-মেইল আইডি | ঃ | |
| অভিভাবকের সম্মতি | ঃ | আমি এই মর্মে ঘোষণা করছি যে, ১০ম জাতীয় স্কাউট জাম্বুরীতে আমার পুত্র/কন্যার অংশগ্রহণের বিষয়ে আমার কোন আপত্তি নাই। | | | অভিভাবকের স্বাক্ষর |

অংশগ্রহণকারী স্কাউট এর স্বাক্ষর

ইউনিট লিডারের স্বাক্ষর ও সীল

গ্রুপ সভাপতির স্বাক্ষর ও সীল

কন্টিনজেন্ট লিডার/জেলা স্কাউট লিডারের স্বাক্ষর ও সীল

সংযোজনী -"গ"

**১০ম জাতীয় স্কাউট জাম্বুরী**

২৩-২৯ জানুয়ারি ২০১৯; জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর

## ইউনিট লিডার রেজিস্ট্রেশন ফরম

| | | | | | |
|---|---|---|---|---|---|
| নাম (বাংলায়) | ঃ | | | | |
| নাম (ইংরেজিতে) | ঃ | | | | |
| পিতার নাম | ঃ | | | | |
| মাতার নাম | ঃ | | | | |
| জন্ম তারিখ | ঃ | | জেন্ডার | ঃ | |
| বর্তমান ঠিকানা | ঃ | | | | |
| স্থায়ী ঠিকানা | ঃ | | | | |
| ইউনিটের নাম | ঃ | | | | |
| উপজেলা স্কাউটস | ঃ | | জেলা স্কাউটস | ঃ | |
| আঞ্চলিক স্কাউটস | ঃ | | স্কাউট প্রশিক্ষণ | ঃ | |
| মোবাইল নম্বর | ঃ | | ই-মেইল আইডি | ঃ | |

ইউনিট লিডারের স্বাক্ষর ও সীল

গ্রুপ সভাপতির স্বাক্ষর ও সীল

কন্টিনজেন্ট লিডার/জেলা স্কাউট লিডারের স্বাক্ষর ও সীল

জেলা কমিশনারের স্বাক্ষর ও সীল

সংযোজনী -"ঘ"

# ১০ম জাতীয় স্কাউট জাম্বুরী

২৩-২৯ জানুয়ারি ২০১৯; জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর

## কন্টিনজেন্ট লিডার রেজিস্ট্রেশন ফরম

| | | | | | |
|---|---|---|---|---|---|
| নাম (বাংলায়) | ঃ | | | | |
| নাম (ইংরেজিতে) | ঃ | | | | |
| পিতার নাম | ঃ | | | | |
| মাতার নাম | ঃ | | | | |
| জন্ম তারিখ | ঃ | | জেন্ডার | ঃ | |
| বর্তমান ঠিকানা | ঃ | | | | |
| স্থায়ী ঠিকানা | ঃ | | | | |
| জেলা স্কাউটস | ঃ | | আঞ্চলিক স্কাউটস | ঃ | |
| স্কাউট পদবী | ঃ | | স্কাউট প্রশিক্ষণ | ঃ | |
| মোবাইল নম্বর | ঃ | | ই-মেইল আইডি | ঃ | |

কন্টিনজেন্ট লিডারের স্বাক্ষর ও সীল

জেলা কমিশনারের স্বাক্ষর ও সীল

আঞ্চলিক সম্পাদকের স্বাক্ষর ও সীল

আঞ্চলিক উপ-কমিশনার (প্রোগ্রাম) এর স্বাক্ষর ও সীল